
দৈনিক
ইনকিলাব

তারিখ ... 5 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...



# এবার নতুন বই আসছে তুলনামূলক অনেক বেশী



ইনকিলাব : বাংলা একাডেমী প্রাঙ্গণে গতকাল অমর একুশে বইমেলার স্বাক্ষর কর্মসূচীতে স্বাক্ষররত কয়েকজন দর্শক ক্রেতা .

শাহ্‌জাহান শুভ

একুশে বইমেলায় এবার শুরু থেকেই নতুন বই আসছে তুলনামূলকভাবে অনেক বেশি। বইয়ের কাটতিও মন্দ নয়। তবে প্রতিষ্ঠিত লেখক ও প্রকাশনা প্রতিষ্ঠানের বইয়ের কাটতিই বেশি। অন্যদের বিক্রি যে একেবারে খারাপ তা নয়। তবে নামকরা প্রকাশনার বাইরে অনেকেই গতকাল পর্যন্ত মেলায় নতুন বই আনতে পারেনি। নামকরা প্রকাশনার

একুশে বইমেলা

পৃঃ ১৮ কঃ ২

## এবার নতুন বই আসছে

১২-এর পৃষ্ঠার পর

বাইরে চমক দেখিয়েছে অন্বেষা। মেলার প্রথম দিনে হুমায়ুন আহমেদের 'হিমুর মধ্যদুপুর' প্রকাশ করে সাড়া জাগিয়েছে। তাই অন্বেষার সামনে তরুণ পাঠকদের ভীড় লেগেই থাকে। এই একটি ব্যতিক্রম বাদ দিলে পুরো মেলায় রাজত্ব করছে অন্যপ্রকাশ, ঐতিহ্য, অনন্যা, আগামী, সময়, অনুপম, দিব্যপ্রকাশ, মাওলা, কাকলীর মতো প্রতিষ্ঠিত প্রকাশনাগুলো। অন্বেষা প্রকাশনীর স্টলে খোঁজ নিয়ে দেখা যায়, 'হিমুর মধ্যদুপুর' এর প্রথম সংস্করণ শেষে দ্বিতীয় সংস্করণ চলছে। এশিয়া পাবলিকেশন্স মাত করেছে সেনা প্রধান জেনারেল মঈন উ আহমদের 'শান্তির স্বপ্ন' প্রকাশ করে। প্রথম দিন থেকেই ব্যাপক আগ্রহ চোখে পড়ে বইটিকে ঘিরে। গতকাল (বুধবার) রাত পর্যন্ত প্রথম সংস্করণ শেষের দিকে বলে বিক্রেতারা জানিয়েছেন।

এদিকে গতকালের মেলায় লোক সমাগম ছিল স্বাভাবিক। এখন পর্যন্ত লম্বা লাইন দিয়ে বইপ্রেমীদের মেলায় আসতে দেখা যায়নি। কিন্তু মেলার ভেতরের পরিবেশ ভিন্ন। জায়গা কমে যাওয়ায় ভেতরে এখনই গাদাগাদি লেগে যায়। সব ভীড় আবার চত্বরের ভেতরে। বাইরে বরাদ্দ পাওয়া স্টলগুলোতে লোক সমাগম ঘটে খুব কম। অন্যপ্রকাশের স্বত্বাধিকারী মাজহারুল ইসলাম বলেন, মেলার জায়গার স্বল্পতা এবারও পাঠকদের ভোগাবে। প্রথম সপ্তাহেই যদি লোক চলাচলে সমস্যা দেখা দেয় তাহলে পরে কি হবে। নীতিমালা বাস্তবায়ন হচ্ছে কিনা- তা পর্যবেক্ষণের জন্য তিনটি কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন একাডেমীর মহাপরিচালক সৈয়দ মোহাম্মদ শাহেদ। কিন্তু এখনো প্রায় ১৫টি স্টল অপ্রস্তুত রয়েছে। ৪টি এখনো তৈরীই শেষ হয়নি, বই ওঠেনি ৮টিতে। তবে শিগগিরই সব সমাধান হবে বলে জানিয়েছেন মহাপরিচালক।

**মেলায় নতুন বই**

বইমেলা কাল ২৩টি উপন্যাস, ১৪টি কবিতা, ১১টি গল্পের বইসহ মোট ৮৭টি নতুন বই এসেছে। নতুন বই এসেছে ঝিঙেফুল থেকে ফরিদুর রেজা সাগরের শিশুতোষ বই 'ছোট খালুর কুইজ বিজয়', র‍্যামন পাবলিশার্স থেকে শেখ হাসিনা সম্পাদিত নির্বাচনী ইশতিহার 'দিন বদলের অঙ্গীকার', অঙ্কুর প্রকাশনী থেকে মাসুদুর রহমান খলিলী ও মাসুম বিল্লাহ' অনূদিত জীবনী গ্রন্থ 'বারাক ওবামা দ্য অডা সিটি অব হোপ', নওরোজ কিতাবিস্তান থেকে জামাল রেজার গল্পের বই 'প্রেম হলেও হতে পারত', অ্যাডর্ন পাবলিকেশন থেকে সাযযাদ কাদিরের গল্পের বই 'এফফেনতি : মোল্লা নাসিরুদ্দিন হোজ্জা এফফেনতির গল্প', বিদ্যা প্রকাশ থেকে কবীর চৌধুরীর প্রবন্ধের বই 'গমক্ষেতে কাক ও অন্যান্য লেখা', অনুপম প্রকাশনী থেকে ড. করুণাময় গোস্বামীর প্রবন্ধের বই 'প্রসঙ্গ বাংলা গান', মাওলা ব্রাদার্স থেকে শহীদুল জহিরের উপন্যাস 'আবু ইব্রাহীমের মৃত্যু', মুনতাসীর মামুনের স্মৃতিচারণ 'দেয়ালের শহর ঢাকা', ইত্যাদি গ্রন্থ প্রকাশ থেকে সৈয়দ শামসুল হকের উপন্যাস 'বিনি পয়সার নীল গন্ধ', পার্ল পাবলিকেশন্স থেকে আনিসুল হকের রম্যরচনা 'রঙ্গভরা বঙ্গদেশ', অবসর থেকে শহীদ কাদরীর কবিতার বই 'আমার চুম্বনগুলো পৌঁছে দাও', বরেন চক্রবর্তীর কবিতার বই 'যে তুমি নিরন্তর', কাকলী থেকে হাফিজ আল ফারুকীর উপন্যাস 'শ্রাবণের জোছনা ভরা রাত' প্রভৃতি।

**আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

একুশে বইমেলার আলোচনাপর্বে গতকাল 'সম্ভাবনার বাংলাদেশ : নারী' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ নেন ড. মালেকা বেগম এবং ড. আয়েশা বেগম। প্রবন্ধ উপস্থাপন করেন ড. সোনিয়া নিশাত আমিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন। সভাপতির ভাষণে প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন বলেন, সমাজে নারী-পুরুষের বৈষম্যের সংকটের উত্তরণ চাইলে প্রথমেই একজন নারীকে প্রকৃত মানুষ হিসেবে চিন্তা করতে হবে। পৃথিবীর কোনো ধর্মগ্রন্থই নারী বিদ্বেষী নয়, বরং মানুষরাই নারীদের ছোট করে রাখার জন্য প্রচেষ্টা চালিয়েছে। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে 'নারী' বিষয়ক সঙ্গীত পরিবেশন করেন কণ্ঠশিল্পী খালিদ হোসেন, সালাউদ্দিন আহমদ, খায়রুল আনাম শাকিল, ইয়াসমিন মুশতারী, রাহাত আরা গীতি, রাশনা শারমিন রাজ্জাক তন্বী, শহীদ কবির পলাশ, মাহবুবা রহমান এবং সুচরিতা রায়। যন্ত্রাণুসঙ্গে ছিলেন, শুক্লা সরকার, রবীন্দ্রনাথ পাল, সুভাষ চন্দ্র দাস, আবু কামাল, হোসেন আলী এবং সাঈদ হোসেন সেন্টু।